

ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন

ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলোপমেন্ট

গ্রামঃ বটতলী, ডাকঘরঃ ফতেয়াবাদ, থানাঃ হাটহাজারী, জেলাঃ চট্টগ্রাম।

স্মরণীয় নং/শিক্ষাবৃত্তি/২০২৩-২০২৪(৬)

তারিখঃ ০৭.০২.২০২৩

বিজ্ঞপ্তি

শিক্ষাবৃত্তি- ২০২৩-২০২৪

“ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলোপমেন্ট” একটি মানব সম্পদ উন্নয়ন সেবামূলক প্রতিষ্ঠান। এটি বিগত ২২ শে জানুয়ারী, ২০০৭ ইং সালে নিবন্ধিত হয়েছে এবং প্রারম্ভিক কার্যক্রম সম্পন্ন করে ২৪ শে মার্চ, ২০০৭ ইং থেকে যাত্রা শুরু করেছে। প্রতি বছরের ন্যায়, এ বছরও ফাউন্ডেশন, সরকার ও সরকারী প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এবং পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের জন্য চট্টগ্রাম জেলার শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দা ও মেধাবী অথচ আর্থিক সাহায্যের প্রয়োজন রয়েছে, এমন ছাত্র-ছাত্রীদেরকে মাসিক শিক্ষাবৃত্তি এবং শিক্ষা বছরের শুরুতে ভর্তি ও শিক্ষা উপকরণ সংগ্রহের জন্য এককালীন আর্থিক সহায়তা প্রদান করবে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত এবং স্বীকৃত পাবলিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধীনে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত (তৃতীয় শ্রেণী প্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) চট্টগ্রাম জেলার শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দাদের থেকে ফাউন্ডেশন এর অফিসে প্রাপ্ত নির্ধারিত ছকে/ফরমে ২০২৩-২০২৪ ইং শিক্ষাবর্ষের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। এই শিক্ষাবৃত্তি এক বছরের জন্য প্রাথমিকভাবে বলবৎ থাকবে, যা পরবর্তীতে প্রতি বছর পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নবায়ন করা হবে শিক্ষাকাল বলবৎ থাকা পর্যন্ত। উল্লেখ্য যে, সাধারণত পহেলা জুলাই থেকে পরবর্তী বছরের ৩০ শে জুন পর্যন্ত শিক্ষাবৃত্তির বার্ষিক মেয়াদ নির্ধারিত আছে।

এই বিজ্ঞপ্তি সরকার কর্তৃক প্রতীক্ষিত সকল কলেজ, বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করার জন্য শিক্ষার্থীরা অত্র অফিস থেকে প্রাপ্ত ফরম পূরণের মাধ্যমে সরাসরি অফিসে এসে আবেদন করতে পারবে। আবেদনপত্র সমূহ যাচাই-বাচাই পূর্বক, আবেদনকারীদের মৌখিক পরীক্ষার জন্য আগামী ২৫/০৪/২০২৩ ইং তারিখে উপস্থিত থাকার আয়তন জানানো হবে।

আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ ও সময় : ১৬ই মার্চ ২০২৩, বিকাল ৫ ঘটিকা পর্যন্ত।

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রজিন ছবি।
- স্থায়ী ঠিকানার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র।
- মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক (সম্মান) পরীক্ষা সমূহের মূল মার্কসীট এর সত্যায়িত ফটোকপি।
- জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (যদি থাকে)।
- আবেদনকারীর সঙ্গে সম্পর্ক উল্লেখ পূর্বক তৃতীয় একজন ব্যক্তির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর।
- স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভর্তিও রশিদ ও শিক্ষার্থীর পরিচয় পত্রের (প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত) সত্যায়িত ফটোকপি।

স্মারক নং- রেজিঃ/শিক্ষা-৫/২০৮(ক)/- ৫৬-৯৫৬-৩ তারিখঃ ০৭/০২/২০২৩

আদিষ্ট হয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ৫। জনাব নুসরাত জাহান কলি (প্রতিষ্ঠাতা ট্রাস্টি ও সচিব ট্রাস্টি বোর্ড)
ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন, ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলোপমেন্ট
গ্রাম- বটতলী, ডাক- ফতেয়াবাদ, উপজেলা-হাটহাজারী, জেলা-চট্টগ্রাম
ডাক যোগাযোগের ঠিকানা: পোস্ট বক্স নং-৬৭৫, চট্টগ্রাম।
Mobile no-018.18-963562

To
website
Notice Board
S. Shafiq
23/2/23
(সায়মা শারমিন)
চেয়ারপার্সন
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
০৭/০২/২০২৩

(শিউলি আফছার)
ডেপুটি-রেজিস্ট্রার (শিক্ষা-৫)
রেজিস্ট্রারের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়।
০৭/০২/২০২৩